মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ১৫/০৯/২০১৯ সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ ভৈরব সরকারি প্রাথমিক বিদ্যালয়।

২নং ওয়ার্ড কমিটির উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাবা, মোছাঃ আলপনা খাতুন	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	আলপনা
২	জনাব মোঃ আশাদুল ইসলাম	হালদারপাড়া, মেহেরপুর।	মোঃ আশাদুল ইসলাম
৩	জনাবা, মোছাঃ সালমা আলম	নীলমনি হলপাড়া, মেহেরপুর।	সালমা আলম
৪	জনাব ফারজানা জেসমিন জলি	শিক্ষক, বোষপাড়া	
৫	জনাব মোঃ রাশিদুল হাসান	শিক্ষক, বোষপাড়া	[illegible] হাসান
৬	জনাব কাজী বিল্লাল আহমেদ	মুখার্জীপাড়া, মেহেরপুর।	বিল্লাল
৭	জনাব মোঃ মুজিবুর রহমান মুজিব	শাহাজীপাড়া, মেহেরপুর	মুজিব
৮	জনাবা, মোছাঃ পপি খাতুন	হালদারপাড়া, মেহেরপুর।	পপি
৯	জনাব আবু-হেনা মোস্তফা কামাল	সহকারী প্রকৌশলী	[illegible] 15/9/19
১০	জনাব,মোঃ আল মামুন	কাউন্সিলর ও সভাপতি	[illegible] ১৫.০৯.১৯

মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

২নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি ঃ জনাব মোঃ আল মামুন, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

স্থান ঃ ভৈরব সরকারী প্রাথমিক বিদ্যালয়, মেহেরপুর।

সভার তারিখ বিকাল ৩.০০ ঘটিকা , ১৫/০৯/২০১৯ ইং।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।

২। রাস্তা ও ড্রেন মেরামত করন প্রসংগে ।

৩। UGIIP-III প্রকল্পের আওতায় বস্তির কাজ করন প্রসংগে।

৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ড় গৃহীত হয়।	সচিব
০২	রাস্তা ও ড্রেন মেরামত করন বিষয়ে সচেতনতামূলক আলোচনা ।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। পৌরবাসীর উন্নয়ন ও সেবার মান নিশ্চিত করতে আপনারা যদি নিয়মিত পানির বিল পরিশোধ না করেন তবে পৌরসভা পরিচালনা করা কষ্টকর হবে। সদস্য মোঃ রাশিদুল হাসান বলেন ২নং ওয়ার্ডের মুখার্জিপাড়ার রাস্তা শুরু হওয়ায় সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানান। তাছাড়া ২নং ওয়ার্ডের পুরাতন কষায় খানা নষ্ট হয়ে যাওয়ায় শহরে বিভিন্ন যায়গায় গরু ছাগল জবাহ করা হচ্ছে যাহা শহরের পরিবেশ নষ্ট হচেছ। এমতাবস্থায় জরুরী ভাবে কষাই খানা করার জন্য ধন্যবাদ জানান।	ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা,ও মেরামত, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব

০৩	UGIIP-III প্রকল্পের আওতায় বস্তির কাজ করন সম্পর্কে আলোচনা।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ সম্পর্কে মুক্ত আলোচনায় জনাবা মোছাঃ পপি খাতুন বলেন ২নং ওয়ার্ডের আখড়াপাড়া ও হালদারপাড়ার বস্তির কাজ শুরু হওয়ায় সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানান। হালদারপাড়া খোকন ঘোসের বাড়ির রাস্তাটির অবস্থা খুবই জরুরী ভাবে শুরু করার জন্য সভায় অনুরোধ জানান।	পৌর ফান্ড এবং প্রজেক্ট প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে কাজগুলি সমাধানের সুপারিশ করা হয়।	মেয়র
০৪	বিবিধ	সভায় বিবিধ বিষয় নিয়ে আলোচনায় সর্বসম্মতিক্রমে মেহেরপুর পৌরসভা এলাকায় মাদক প্রতিরোধ সম্পর্কিত বিষয়ে এলাকাবাসীকে সচেতন ও উদ্বুদ্ধ করনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৫.০৯.১৯

(মোঃ আল মামুন)
সভাপতি(WC)
ও
২নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।